কালের কণ্ঠ

তারিখ ..... 7 MAY 2017
পৃষ্ঠা ...৬... কলাম...৫...

গ্যাস লিক

# দিল্লির স্কুলের ৩০০ ছাত্রী হাসপাতালে

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

ভারতের রাজধানী দিল্লির একটি গার্লস স্কুলের সামনে শনিবার দাঁড় করানো একটি ট্যাংকার থেকে গ্যাস লিক করায় অসুস্থ হয়ে পড়ে তিন শরও বেশি ছাত্রী। দক্ষিণ দিল্লির তুঘলকাবাদ এলাকার প্রহ্লাদপুরে রানি ঝাঁসি স্কুলে ঘটেছে এই ঘটনা। পুলিশ জানিয়েছে, দাঁড় করানো ট্যাংকার থেকে গ্যাস লিক করে স্কুলে ছড়িয়ে পড়ে। গ্যাসের ঝাঁজালো গন্ধে তখন এক এক করে ছাত্রীরা অসুস্থ হয়ে পড়ে। তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

কর্তৃপক্ষ জানায়, স্কুলে ক্লাস শুরু হওয়ার কিছুক্ষণের মধ্যেই বিভিন্ন ক্লাসরুম থেকে ছাত্রীদের অসুস্থতার কথা ছড়িয়ে পড়ে গোটা স্কুলে। চোখ, গলা জ্বালা করা, দম বন্ধ হয়ে আসার মতো পরিস্থিতি তৈরি হয়। আতঙ্ক ছড়িয়ে পড়ে অভিভাবক ও শিক্ষকদের মধ্যে। সঙ্গে সঙ্গে পুলিশ ও অ্যাম্বুল্যান্সকে খবর পাঠানো হয়। ঘটনাস্থলে আসে ফায়ার সার্ভিস ও বিপর্যয় মোকাবেলা বাহিনী। পুরো স্কুল ও এর আশপাশের এলাকা খালি করে দেয় পুলিশ। সব মিলিয়ে ৩১০ জন ছাত্রী শহরের বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন। সূত্র : আনন্দবাজার।